# ভর্তি নির্দেশিকা

## GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের
## স্নাতক (সম্মান)/স্নাতক ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা
## শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত ২৪ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে একটি মাত্র সমন্বিত ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা স্নাতক (সম্মান)/স্নাতক প্রথম বর্ষে ভর্তির সুযোগ পাবে। GST গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত যোগ্যতা অনুসারে কেবলমাত্র ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন করতে পারবে এবং ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তির জন্য নির্বাচিত হবে। প্রত্যেক শিক্ষার্থী তার এইচএসসি/সমমান পরীক্ষার শাখা (বিজ্ঞান, মানবিক, বাণিজ্য) মোতাবেক একটি মাত্র ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদনের যোগ্যতা:**

২০১৯, ২০২০ ও ২০২১ সালের এসএসসি/সমমান এবং ২০২২ ও ২০২৩ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় (সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে) উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে যথাক্রমে ইউনিট A, ইউনিট B ও ইউনিট C-তে আবেদন করতে পারবে। ইউনিট ভিত্তিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

ইউনিট A: বিজ্ঞান শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৮.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখাসহ মাদ্রাসা বোর্ড (বিজ্ঞান) এবং ভোকেশনাল (এইচএসসি) বিজ্ঞান শাখা হিসাবে বিবেচিত হবে।

ইউনিট B: মানবিক শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারণ, মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।

ইউনিট C: বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.৫০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।

জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই (O লেভেল) পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং আইএএল (A লেভেল) পরীক্ষায় কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে। এক্ষেত্রে অনলাইনে

সংশ্লিষ্ট নম্বরপত্র আপলোডসহ আবেদনের পর সমমান ও যোগ্যতা নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে আবেদন করতে হবে।

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের বিশেষায়িত বিভিন্ন বিভাগে (সংগীত, চারুকলা, নাট্যকলা, থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ, ফিল্ম এন্ড টেলিভিশন, আর্কিটেকচার প্রভৃতি) শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়সমূহে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ সাপেক্ষে ভর্তির জন্য বিবেচিত হবে। আর্কিটেকচার বিভাগের ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা ইউনিট A–এর ভর্তি পরীক্ষার একই দিনে (২৭ এপ্রিল, ২০২৪) বিকাল ৩:০০-৪:০০ টায় স্ব স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে। শুধুমাত্র GST গুচ্ছের A, B ও C ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অন্যান্য বিশেষায়িত বিভাগসমূহে আবেদন করতে পারবে। MCQ পরীক্ষায় (শুধুমাত্র উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) প্রাপ্ত নম্বর ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সমন্বয়ে প্রস্তুতকৃত মেধাক্রমের ভিত্তিতে বিশেষায়িত বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।

## ২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি, আবেদন পদ্ধতি ও সময়সূচী:

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত মাত্র) টাকা অনলাইনে পরিশোধ করতে হবে। আর্কিটেকচার বিভাগের ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অতিরিক্ত ৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা আবেদন ফি এর সাথে যোগ হবে। আবেদন করার পদ্ধতি GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ পাওয়া যাবে।

**১২-০২-২০২৪ তারিখ (সোমবার) দুপুর ১২.০০ টা হতে ২৬-০২-২০২৪ তারিখ (সোমবার) রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। আবেদনের সময়সীমা বৃদ্ধি করা হবে না।**

## ৩। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি:

প্রত্যেক শিক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রতিটি ইউনিটে ১ ঘণ্টায় ১০০ নম্বরের MCQ পদ্ধতির পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। যে কোন ইউনিট (A/B/C)-এর পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত শর্ত সাপেক্ষে অন্যান্য ইউনিটের সংশ্লিষ্ট বিষয়সমূহে ভর্তির আবেদনের জন্য বিবেচিত হবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক এইচএসসি পরীক্ষা ২০২৩-এর পাঠ্যসূচী অনুসারে ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও মানবন্টন নিম্নে প্রদত্ত:

| ইউনিট | পরীক্ষার বিষয় ও নম্বর | | | |
|---|---|---|---|---|
| | বিষয় | | নম্বর | মোট নম্বর |
| ইউনিট A (বিজ্ঞান শাখা) (মোট চারটি বিষয়ে পরীক্ষা দিতে হবে।) | পদার্থবিদ্যা | পদার্থবিদ্যা ও রসায়ন বিষয়ে পরীক্ষা দেওয়া বাধ্যতামূলক | ২৫ | ১০০ |
| | রসায়ন | | ২৫ | |
| | গণিত | গণিত ও জীববিদ্যার মধ্যে অন্তত একটি বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে। তবে অন্যটির পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ে পরীক্ষা দেওয়া যাবে। | ২৫ | |
| | জীববিদ্যা | | ২৫ | |
| | বাংলা | গণিত ও জীববিদ্যার যে কোন একটির পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ে পরীক্ষা দিয়ে চারটি বিষয়ের পরীক্ষা সম্পন্ন করতে পারবে। | ২৫ | |
| | ইংরেজি | | ২৫ | |

| | বিষয় | নম্বর | মোট নম্বর |
|---|---|---|---|
| ইউনিট B (মানবিক শাখা) | বাংলা | ৩৫ | ১০০ |
| | ইংরেজি | ৩৫ | |
| | সাধারণ জ্ঞান - (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে পঠিত পৌরনীতি ও সুশাসন, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূ-গোল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত প্রশ্ন থাকবে।) | ৩০ | |
| ইউনিট C (বাণিজ্য শাখা) | **বিষয়** | **নম্বর** | **মোট নম্বর** |
| | হিসাব বিজ্ঞান | ৩৫ | ১০০ |
| | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ৩৫ | |
| | বাংলা | ১৫ | |
| | ইংরেজি | ১৫ | |

**৪। ভর্তি পরীক্ষার সময়সূচি:**

| তারিখ / সময় | ২৭/০৪/২০২৪ (শনিবার) | ০৪/০৫/২০২৪ (শনিবার) | ১১/০৫/২০২৪ (শনিবার) |
|---|---|---|---|
| দুপুর ১২:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত। | ইউনিট A (বিজ্ঞান) | ইউনিট B (মানবিক) | ইউনিট C (বাণিজ্য) |
| বিকাল ৩:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত। | আর্কিটেকচার ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা | | |

**৫। ভর্তি পরীক্ষার কেন্দ্রসমূহ:**

নিম্নে প্রদত্ত পরীক্ষাকেন্দ্রের তালিকা হতে আবেদনকারী একটি মাত্র কেন্দ্র পছন্দ করতে পারবে। পছন্দকৃত কেন্দ্রই চূড়ান্ত বলে বিবেচিত হবে। আবেদনের সময়সীমা শেষে কোনভাবেই পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা ২. ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ৩. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ৪. খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা ৫. হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ৬. মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল ৭. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী ৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী ৯. কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা ১০. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ ১১. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা ১২. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ১৩. যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর ১৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ ১৫. বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল ১৬. রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি ১৭. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ ১৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, গাজীপুর ১৯. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর ২০. চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চাঁদপুর ২১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ।

**৬। ভর্তি পরীক্ষার ফলাফল:**

প্রতিটি ইউনিটের ফলাফল GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ প্রকাশ করা হবে। ভর্তি ভর্তি পরীক্ষার (MCQ) পাস নম্বর ৩০। শুধুমাত্র GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই যোগ্যতা থাকা সাপেক্ষে নির্ধারিত বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন করতে পারবে। ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৩০ নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীর ফলাফল মেধাক্রমসহ প্রকাশ করা হবে। প্রকাশিত মেধাতালিকার ভিত্তিতেই পরবর্তীতে GST গুচ্ছের সকল বিশ্ববিদ্যালয়ে ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। নিম্নে বর্ণিত মানদণ্ডগুলির প্রদত্ত ক্রমানুসারে GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার তিনটি ইউনিটের মেধাক্রম প্রস্তুত করা হবে।

**Unit – A:** (1) MCQ score (2) MCQ Phy score (3) MCQ Chem score (4) HSC GPA (5) HSC Marks (6) HSC Phy GP (7) HSC Phy Mark (8) HSC Chem GP (9) HSC Chem Mark (10) SSC GPA

**Unit – A (GCE & Others):** MCQ score (2) MCQ Phy score (3) MCQ Chem score (4) HSC GPA (5) HSC Phy GP (6) HSC Chem GP (7) SSC GPA

**Unit-B:** (1) MCQ score (2) MCQ BAN score (3) MCQ ENG score (4) HSC GPA (5) HSC Marks (6) HSC BAN GP (7) HSC BAN Mark (8) HSC ENG GP (9) HSC ENG Mark (10) SSC GPA

**Unit-B (GCE & Others):** (1) MCQ score (2) MCQ BAN score (3) MCQ ENG score (4) HSC GPA (5) HSC ENG GP (6) SSC GPA

**Unit-C:** (1) MCQ score (2) MCQ ACC score (3) MCQ BOM score (4) HSC GPA (5) HSC Marks (6) HSC ACC GP (7) HSC ACC Mark (8) HSC BOM GP (9) HSC BOM Mark (10) SSC GPA

**Unit-C (GCE & Others):** (1) MCQ score (2) MCQ ACC score (3) MCQ BOM score (4) MCQ BAN score (5) MCQ ENG score (6) HSC GPA (7) SSC GPA

সে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আবশ্যক সেই সকল বিষয়ে ভর্তির ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার ফলাফল সাপেক্ষে স্বতন্ত্র মেধাতালিকা প্রকাশ করা হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর MCQ পরীক্ষার নম্বরের সাথে যোগ করার পর উল্লেখিত মানদণ্ডগুলি ব্যবহার করে বিষয়ভিত্তিক মেধাক্রম প্রস্তুত করা হবে।

**ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২৩-২০২৪)-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

**৭। ভর্তির আবেদন ও ভর্তি প্রক্রিয়া:**

- ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর কেন্দ্রীয়ভাবে একটিমাত্র আবেদনের মাধ্যমে যে কোন যোগ্য প্রার্থী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য বিভাগসমূহের পছন্দক্রম উল্লেখসহ আবেদন করতে পারবে।
- আবেদনকৃত বিশ্ববিদ্যালয় ও বিভাগসমূহের পছন্দক্রমের বিবেচনায় মেধাক্রমের ভিত্তিতে প্রাথমিক ভর্তি সম্পন্ন করা হবে।
- **আসন শূন্য থাকা সাপেক্ষে সর্বোচ্চ চারবার অপেক্ষমান তালিকা হতে শিক্ষার্থীদের ভর্তির জন্য আহ্বান করা হবে।**
- সর্বশেষে চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত বিশ্ববিদ্যালয়ে তার চূড়ান্ত ভর্তির অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে।

GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তির আবেদন ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য www.gstadmission.ac.bd ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশিত হবে।

**৮। GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের নাম:**

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা ২. ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ৩. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট ৪. খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা ৫. হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ৬. মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল ৭. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী ৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী ৯. কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা ১০. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ ১১. যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর ১২. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ১৩. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা ১৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ ১৫. বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল ১৬. রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি ১৭. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ ১৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, গাজীপুর ১৯. শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোনা ২০. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর ২১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ ২২. চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চাঁদপুর ২৩. সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সুনামগঞ্জ ২৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর।

সচিব

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২৩-২০২৪)